



চাঁদাবাজির অভিযোগে এমপি-পুত্র সজীবকে যুবদল থেকে বহিষ্কার



খায়রুল ইসলাম সজীব। ছবি: সংগৃহীত

চাঁদাবাজির অভিযোগে আইনশৃঙ্খলা বাহিনীর হেফাজতে থাকা নারায়ণগঞ্জ জেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক খায়রুল ইসলাম সজীবকে দল থেকে বহিষ্কার করেছে জাতীয়তাবাদী যুবদল।

রোববার (২১ জুন) যুবদলের কেন্দ্রীয় দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, চাঁদাবাজিসহ বিভিন্ন অনিয়মে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে সজীবকে প্রাথমিক সদস্যপদসহ দল থেকে বহিষ্কার করা হয়েছে।

যুবদলের কেন্দ্রীয় সভাপতি আবদুল মোনায়েম মুন্না এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন এ সিদ্ধান্ত অনুমোদন করেছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বহিষ্কৃত ব্যক্তির কোনো কর্মকাণ্ডের দায় সংগঠন নেবে না। পাশাপাশি দলীয় নেতাকর্মীদের তার সঙ্গে সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

খায়রুল ইসলাম সজীব নারায়ণগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য আজহারুল ইসলাম মান্নানের ছেলে। শনিবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকার একটি বাসা থেকে তাকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেয় আইনশৃঙ্খলা বাহিনী।

পুলিশ জানিয়েছে, তার বিরুদ্ধে চাঁদাবাজির একাধিক অভিযোগ রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর অধিকতর তদন্তের স্বার্থে তাকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে নেওয়া হয়েছে।